# আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১ : ১৮

## আরবি মূল আয়াত:

وَ بِالۡاَسۡحَارِ هُمۡ یَسۡتَغۡفِرُوۡنَ ﴿۱۸﴾

## অনুবাদসমূহ:

আর রাতের শেষ প্রহরে এরা ক্ষমা চাওয়ায় রত থাকত। — আল-বায়ান

আর তারা রাত্রির শেষ প্রহরে ক্ষমা প্রার্থনা করত। — তাইসিরুল

রাতের শেষ প্রহরে তারা ক্ষমা প্রার্থনা করত, — মুজিবুর রহমান

And in the hours before dawn they would ask forgiveness, — Sahih International

### ১৮. আর রাতের শেষ প্রহরে তারা ক্ষমা প্রার্থনা করত(১),

(১) অর্থাৎ মুমিন মুত্তাকীগণ রাত্রির শেষ প্রহরে গোনাহের কারণে ক্ষমাপ্রার্থনা করে। তারা রাতের একটি উল্লেখযোগ্য অংশ আল্লাহর ইবাদাতে ব্যয় করতো এবং এরপরও রাতের শেষাংশে আপন প্রভুর কাছে এই বলে ক্ষমা প্রার্থনা করতো যে, আপনার যতটুকু ইবাদাত বন্দেগী করা আমাদের কর্তব্য ছিল তা করতে আমাদের ত্রুটি হয়েছে। [ইবনে কাসীর] রাতের শেষ প্রহরে ক্ষমাপ্রার্থনা করার ফযীলত অন্য এক আয়াতেও বর্ণিত হয়েছেঃ (وَالْمُسْتَغْفِرِينَ بِالْأَسْحَارِ) [সূরা আলে ইমরান: ১৭]

হাদীসে বর্ণিত আছে যে, আল্লাহ তা'আলা প্রত্যেক রাত্রির শেষ তৃতীয়াংশে দুনিয়ার আকাশে নেমে আসেন। তখন তিনি ঘোষণা করেনঃ কোন তওবাকারী আছে কি, যার তওবা আমি কবুল করব? কোন ক্ষমাপ্রার্থনাকারী আছে কি, যাকে আমি ক্ষমা করব? [বুখারী: ১১৪৫, ৬৩২১, ৭৪৯৪ মুসলিম: ৭৫৮]

তাফসীরে জাকারিয়া

### (১৮) রাত্রির শেষ প্রহরে তারা ক্ষমা প্রার্থনা করত, [1]

[1] ভোরের সময়টি দু'আ গ্রহণের অন্যতম উত্তম সময়। হাদীসে এসেছে যে, ‘‘যখন রাতের শেষ তৃতীয়াংশ অবশিষ্ট থাকে, তখন মহান আল্লাহ প্রথম আসমানে অবতরণ করেন এবং ডাক দিয়ে বলেন যে, কেউ তাওবাকারী আছে কি, যার তওবা আমি কবুল করব? কেউ ক্ষমা প্রার্থনাকারী আছে কি, যাকে আমি ক্ষমা করব? কেউ কিছু চায় কি, যাকে আমি দান করব? এইভাবে ফজর উদয় হয়ে যায়।’’ (মুসলিমঃ সালাতুল মুসাফিরীন অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4693

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন